কোটচাঁদপুরে সাংবাদিকদের সাথে নবাগত ইউএনও‘র মতবিনিময়

সাংবাদিকদের সাথে নবাগত উপজেলা নির্বাহী অফিসারের মতবিনিময় ও পরচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে নির্বাহী অফিসারের কার্যালয়ে এ সভা করা হয়।

এ সময় উপস্হিত ছিলেন প্রেস ক্লাব কোটচাঁদপুরের সভাপতি মোঃ নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক কাজী মৃদুল,সিনিয়র সাংবাদিক মোঃ কামাল হাওলাদার, রিপোটাস ক্লাবের সাধারণ সম্পাদক সুব্রত কুমার, কোটচাঁদপুর সাংবাদিক ইউনিয়নের সভাপতি রায়হান উদ্দিন, সাধারণ সম্পাদক মোঃ মঈন উদ্দিন খান, য়ায় য়ায় দিন পত্রিকার কোটচাঁদপুর উপজেলা প্রতিনিধি মোঃ আলমগীর খান,রির্পোটাস ইউনিটের সাধারণ সম্পাদক খোন্দকার আব্দুল্লাহ বাসার, সহ সভাপতি মোঃ সোহেল চৌধুরী, সাংগঠনিক সম্পাদক মোঃ রমজান আলী,রির্পোটাস ক্লাবের সদস্য রেজাউল ইসলাম, আকিমুল ইসলাম, রোকুনুজ্জামান।
এ সময় শুরু হয় উন্মুক্ত আলোচনা।

উপজেলা নির্বাহী অফিসার কোটচাঁদপুরের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এবং সাংবাদিকদের কাছে সহযোগিতা কামনা করেন। সাংবাদিকদের পক্ষে মোঃ কামাল হাওলাদার বলেন কোটচাঁদপুর সাংবাদিকদের কোন বসার জায়গা নাই।আমরা চায় আপনি আমদের বসার জায়গা করে দিবেন।এটা আমরা চিরদিন স্বরণ করবো।

মেহেরপুরে ২০ বিঘা জমির কলা কেটে তছরুপ, আনুমানিক ক্ষতি ৩০ লাখ

মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামের শ্রী গাড়ির মাঠে কৃষকের ২০ বিঘা জমির কলা কেটে তছরুপ করেছে দূর্বৃত্তরা। এতে কৃষকের

আনুমানিক ৩০ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানান কৃষকরা ।

রবিবার দিবাগত রাতের কোনো এক সময় কলা তছরুপের এই ঘটনা ঘটে।

সদর উপজেলা কৃষি অফিসার নাসরিন আক্তার জানান, ১৫ থেকে ২০ বিঘা জমিতে প্রায় আড়াই থেকে তিন হাজার কাঁদি কলা তছরুপ করা হয়েছে। তিনি বলেন, ক্ষতিগ্রস্থ কৃষকদের সরকারি সহায়তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

খবর পেয়ে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ শংকর কুমার মজুমদার, সদর উপজেলা কৃষি অফিসার নাসরিন আক্তার ঘটনাস্থলে যান।

এঘটনায় সন্দেহভাজনদের আসামি করে মামলা দায়েরের প্রস্তুতি নিচ্ছেন কৃষকরা।
বিস্তারিত আসছে—-

মনোহরপুরে আওয়ামী লীগ নেতাকর্মীদের সাথে এমপির মতবিনিময়

জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের নেতাকমিদের সাথে মতবিনিময় করলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

গতকাল রবিবার বিকাল সাড়ে ৪টার সময় জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে মাধবখালী গ্রামে এ মতবিনিময় অনুষ্ঠিত হয়।

মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলাম রসুলের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম,

সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খান প্রমুখ।

অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক আহসান হাবিব বকুল।

গাংনীতে যাত্রী ছাউনি ওএমএস ডিলারের দখলে

মেহেরপুরের গাংনী উপজেলা হাসপাতাল বাজারে জেলা পরিষদের নির্মিত যাত্রী ছাউনি দখল করে ব্যবসা চালিয়ে যাচ্ছে ওএমএস এর এক ডিলার। আন্ত ও দুরপাল্লার বাসের যাত্রী ও পথচারীদের অবস্থানের জন্য যাত্রী ছাউনিটি নির্মাণ করে মেহেরপুর জেলা পরিষদ।

সেখানে বাঁশের বেড়া দিয়ে ঘিরে ওএমএস ডিলার পণ্য বিক্রিতে আন্ত ও দুরপাল্লার পথের যাত্রীরা অবস্থানের সুযোগ বঞ্চিত হচ্ছেন। ঝড় বৃষ্টির মধ্যে সেখানে যাত্রীরা অবস্থান করতে না পেরে আশপাশে খোলা আকাশের নিচে অবস্থান করতে বাধ্য হচ্ছে। যাত্রী ছাউনির আশপাশের দোকানদাররা জানান- হাসপাতালে চিকিৎসা নিয়ে অনেক রোগি বাসের জন্য অপেক্ষা করে এই ছাউনিতে। রোগিদের এখন বাইরে অবস্থান করতে হচ্ছে।

যাত্রী ছাউনির পাশের এক ব্যবসায়ী নাম প্রকাশে অনিচ্ছা প্রকাশ করে জানান- তপ্ত রোদের মধ্যে যাত্রীরা খোলা আকাশের নিচে অবস্থান করে বাসের জন্য। পথচারীরাও বিশ্রাম নেন এই যাত্রী ছাউনিতে। তিনি আরও জানান, রবীউল ইসলাম একজন প্রভাবশালী মানুষ। তার বিরুদ্ধে কেউ কথা বলার সাহস করেনা। পাবনাগামি বাসের জন্য গাংনীর হিতিমপাড়ার রহমত আলী শিশু সন্তান ও পরিবারের লোকজনসহ আসবাবপত্র নিয়ে যাত্রী ছাউনির পাশে অবস্থান করছিলেন। জানতে চাইলে তিনি বলেন- উপজেলা পরিষদের সামনে এভাবে দখল করে পন্য বিক্রি কী প্রশাসন দেখতে পান। ডিলার প্রভাবশালী হবার কারণেই

উপজেলা প্রশাসন কোন ব্যবস্থা নেন না। দখলদার ওএমএস ডিলার রবীউল ইসলাম জানান- সরকারি পণ্য সরকারি জায়গায় বিক্রি করা হচ্ছে জনসাধারণের কাছে । ব্যক্তিগতভাবেতো সুবিধা ভোগ করছিনা। এটাকে দখল বলা যাবে না।

মেহেরপুরে ৩ চেয়ারম্যান প্রার্থীসহ সকলের মনোনয়ন বৈধ

মেহেরপুর জেলা পরিষদ নির্বাচনে তিন চেয়ারম্যান প্রার্থীসহ সকল প্রার্থীও মনোনয়ন বৈধ ঘোষণা করেছে রিটার্নিং কর্মকর্তা।

রবিবার (১৮ সেপ্টেম্বর) বিকেলে মনোনয়নপত্র বাছাই শেষ রিটার্নিং অফিসার ও জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান প্রার্থীদের মনোনয়নপত্র বৈধ ঘোষণা করেন। চেয়ারম্যান প্রার্থীরা হলেন-আওয়ামীলীগের দলীয় মনোনীত প্রার্থী অ্যাডভোকেট আব্দুস সালাম, জেলা পরিষদের সাবেক প্রশাসক আলহাজ্ব গোলাম রসুল এবং সাবেক এমপি জয়নাল আবেদীন।

মেহেরপুর জেলা পরিষদ নির্বাচনে সাধারণ সদস্য পদে ১৫ জন এবং সংরক্ষিত নারী সদস্য পদে ৯ জন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ ঘোষণা করেছেন রিটার্নিং অফিসার।

সদস্য পদে ১ নম্বর ওয়ার্ড (মুজিবনগর) উপজেলা থেকে জেলা পরিষদের সাবেক সদস্য আলমাস হোসেন শিলু, আব্দুর রশিদ, আজিমুল বারী, সোহেল রানা, ফেরদৌস আলী এবং আবু হাসান,

২ নং ওয়ার্ড (সদর উপজেলা) জেলা পরিষদের সাবেক সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, আব্দুল কুদ্দুস, রফিকুল ইসলাম এবং

৩ নং ওয়ার্ডে (গাংনী উপজেলা) সাবেক সদস্য মজিরুল ইসলাম মিয়া, সাবেক সদস্য তোফাজ্জল হক, মিজানুর রহমান, জাহাঙ্গীর আলম, মাহফুজুর রহমান এবং হাফিজুর রহমানের মনোনয়নপত্র বৈধ ঘোষণা করা হয়েছে।

সংরক্ষিত নারী সদস্য পদে ১ নং ওয়ার্ড (মুজিবনগর) উপজেলায় সাবেক সদস্য শামীম আরা হীরা, সামিউন বাসিরা পলি, নার্গিস আরা, তকলিমা খাতুন এবং উম্মে সালমা সুলতানার মনোনয়ন বৈধ ঘোষণা করেছে।

২ নং ওয়ার্ড (গাংনী) সাবেক সদস্য শাহানা ইসলাম শান্তনা, গাংনী উপজেলা পরিষদের সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান সেলিনা মমতাজ কাকলি, মাকসুদা খাতুন এবং শিরিনা আক্তারের মনোনয়নপত্র বৈধ ঘোষণা করেছে রিটার্নিং অফিসার।

আগামী ১৭ অক্টোবর জেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে। জেলায় মোট ২৯৪ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।

মেহেরপুর শহরে মোটরসাইকেলের ধাক্কায় আহত একজন

মেহেরপুর শহরের কাথুলি মোড় এলাকা সড়ক দূর্ঘটনায় খলিলুর রহমান
(৫৬) নামের এক কৃষক আহত হয়েছেন।
আহত খলিলুর রহমান শহরের শাহজি পাড়া লাকার মৃত ময়েজ উদ্দীনের ছেলে।

গতকাল রবিবার (১৮ সেপ্টেম্বর) সকাল সাড়ে ৮ টার দিকে মেহেরপুর শহরের কাথুলি মোড়ে খলিলুর রহমান বাইসাইকেলে চড়ে মাঠে যাচ্ছিলেন। এসময় বিপরীত দিক থেকে আসা একটি মোটরসাইকেলের সাধে ধাক্কা লেগে রাস্তার উপর ছিটকে পড়ে। এতে খলিলুর রহমানের ডান চোখের কোনে, মুখমণ্ডল ও শরীরের বিভিন্ন স্থানে হ্মত হয়েছে।

স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

হাসপাতাল সূত্রে জানা গেছে, আহতের বিভিন্ন স্থানে কেটে, ছিঁড়ে গেছে। তাকে হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা দেয়া হচ্ছে। এখন আশংকামুক্ত।

আহত খলিল বলেন, আমি বাইসাইকেল চড়ে মাঠে যাচ্ছিলাম। সামনের দিক

থেকে আসা একটি দ্রুতগতির মোটরসাইকেল এসে আমাকে ধাক্কা মেরে ফেলে রেখে চলে যায়।

মেহেরপুর পৌরসভার সাবেক কাউন্সিলর দুটি মামলায় গ্রেফতার, জেল হাজতে প্রেরণ

ব্যাংকের অর্থঋণের ও পারিবারিক আইনে দায়ের করা দুটি মামলায় মেহেরপুর ১ নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর মনিরুল ইসলামকে গ্রেফতার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

রবিবার (১৮ সেপ্টেম্বর) সকালের দিকে মেহেরপুর সদর থানা পুলিশের এসআই জিল্লুর রহমান ও এএসআই শাকিল খান গোপন সংবাদের ভিত্তিত্বে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

কাউন্সিলর মনিরুল ইসলাম মেহেরপুর শহরের পুরাতন পোষ্ট অফিসপাড়া এলাকার মৃত আইন উদ্দীনের ছেলে। জনতা ব্যাংক মেহেরপুর ব্রাঞ্চের দায়ের করা মামলায় তাকে গ্রেফতার করা হয়েছে বলে পুলিশ জানায়।

জনতা ব্যাংক মেহেরপুর ব্রাঞ্চের ব্যবস্থাপক আনোয়ারুল ইসলাম জানান, ব্যাংকের এই শাখা থেকে মেহেরপুর পৌরসভার সাবেক কাউন্সিলর মনিরুল ইসলাম ২০ লাখ টাকা ঋণ নেন। সেই ঋণ তিনি পরিশোধ না করায় তার নামে আদালতে মামলা করা হয়েছে।

মনিরুল ইসলামের নামে আদালতের পরোয়ানাভূক্ত অর্থজারি সিআর মামলা নং ১/১৫ এবং পারিজারি মামলা নং ৯৭/১৯।
মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম বলেন, দুটি মামলায় আদালতের পরোয়ানা পেয়ে মনিরুল ইসলামকে গ্রেফতার করে রবিবার বিকালের আদালতে প্রেরণ করা হয়েছে।

উমীর স্বামী ও শশুরের দুই দিনের রিমান্ড মঞ্জুর

ইসলামিক বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্রী গাংনীর নিশাত তাসনীম উর্মি হত্যা মামলার প্রধান আসামি তার স্বামী আশিকুজ্জামান প্রিন্স ও শশুর হার্ডওয়্যার ব্যবসায়ী হাসেমের দুই দিনের পুলিশ রিমান্ড মুঞ্জুর করেছেন আদালত।

রবিবার (১৮ সেপ্টেম্বর) দুপুরে প্রথম শ্রেনীর আমলী আদালত, গাংনীর সিনিয়র জুডিশীয়াল ম্যাজিস্ট্রেট তারিক হাসানের আদালতে শুনানি শেষে দুই দিনের পুলিশ রিমান্ড মঞ্জুর করেন।

সোমবার ১৯ ও মঙ্গলবার ২০ সেপ্টেম্বর পর্যন্ত তাকে পুলিশী জিজ্ঞাসাবাদের জন্য গাংনী থানায় নেওয়া হবে।

মামলার তদন্তকারী অফিসার গাংনী থানার উপপরিদর্শক (এসআই) শাহিন জানান, হত্যার প্রকৃত রহস্য উদ্ঘাটন করতে মামলার আসামিদের জিজ্ঞাসাবাদের জন্য ৭ দিনের রিমান্ড আবেদন করা হয়েছিল। রবিবার দুপুরে শুনানি শেষে বিজ্ঞ আদালত তাদের দুই দিনের রিমান্ড মঞ্জুর করেন। জিজ্ঞাসাবাদের জন্য সোমবার তাদের থানায় নেওয়া হবে। তিনি আরো জানান, মামলার ময়নাতদন্তের রিপোর্টের অপেক্ষায় রয়েছি। অন্য আসামী তার শাশুড়ীকে গ্রেপ্তারের চেষ্টা চলছে।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয় ছাত্রী উর্মিকে তার মাদকাসক্ত স্বামী আশিকুজ্জামান গত ৮ সেপ্টেম্বর রাতে শ্বাসরোধ করে হত্যা করে আত্মহত্যা করেছে বলে নাটক সাজানোর চেষ্টা করে। এঘটনায় উর্মীর পিতা সাবেক ছাত্রনেতা গোলাম কিবরিয়া বাদী হয়ে যৌতুক ও নির্যাতনের অভিযোগ এনে একটি হত্যা মামলা দায়ের করেন। ওই দিনই উর্মীর স্বামী আশিকুজ্জামান প্রিন্স ও শশুর হাসেমকে গ্রেফতার করে পুলিশ।

এদিকে উমী হত্যার বিচার চেয়ে তার সহপাঠি বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা মানববন্ধন ও সমাবেশ করেছেন।

[redacted]

[redacted]

মেহেরপুরে এনজিও কর্মীর দ্রুতগতি মোটরসাইকেলের ধাক্কায় আহত ৩ জন

মেহেরপুরে এনজিও কর্মীর বেপরোয়া গতির মোটরসাইকেল চালনায় প্রাণ হারাতে বসেছে তিনজন। এরমধ্যে একজন স্থানীয় সরবত বিক্রেতা সজল হোসেন(৪০)।

আহত সজল হোসেন মেহেরপুর সদর উপজেলার বর্শিবাড়িয়া গ্রামের রমজান আলীর ছেলে।

এঘটনায় অপর আহতরা হলেন গ্রামীণ উন্নয়ন কর্ম (গাক) এনজিও কর্মী রাশেদুল ইসলাম (৩২) ও সম্রাট (৩০)।

আহতদের মধ্যে সরবত বিক্রেতা সজল হোসেন ও এনজিও কর্মী রাশেদুল ইসলামকে ঢাকা পঙ্গু হাসপাতাল ও সম্রাটকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

এর আগে রবিবার (১৮ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১০ টার দিকে ওই তিনজনকেই স্থানীয়রা উদ্ধার করে মেহেরপু ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করে।

মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালের জরুরি বিভাগে কর্মরত চিকিৎসক বেলাল হোসেন সুমন বিকালের দিকে তাদের রেফার্ড করেন।

আজ রবিবার (১৮ সেপ্টেম্বর)সকাল ১০ টার দিকে মেহেরপুর–চুয়াডাঙ্গা সড়ক আমঝুপিতে এই সড়ক দূর্ঘটনাটি ঘটে।

মোটরসাইকেল আরোহী এনজিও কর্মী সম্রাট আলী কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার মোঃ বাদলের ছেলে এবং মোঃ রাশেদুল ইসলাম যশোর জেলার কেশবপুরের মোঃ আব্দুল হক মোল্লার ছেলে। দুই জনই এনজিও সংস্থা গ্রামীণ উন্নয়ন কর্ম (গাক) এর আমঝুপি শাখার মাঠ কর্মী।

স্থানীয়রা জানান, সরবত বিক্রেতা সজল মেহেরপুর থেকে পাখিভ্যানযোগে বরফ নিয়ে বারাদি বাজারে ফিরছিলেন। মোটরসাইকেল আরোহী দুইজন বারাদী থেকে দ্রুতগতিতে আমঝুপি ফিরছিলেন। ফাঁকা রাস্তায পেয়ে এনজিও কর্মী দ্রুত গতিতে মোটরসাইকেল চালাচ্ছিলেন।

গাড়ির নিয়ন্ত্রণ হারিয়ে সরাসরি পাখি ভ্যানের সাথে ধাক্কা মারলে তারা আহত হন।

আহত অবস্থায় স্থানীয় লোকজন ফায়ার সার্ভিসকে খবর দিলে ফায়ার সার্ভিসের একটি টিম ঘটনাস্থলে পৌঁছে তাদেরকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে নিয়ে আসে।